সংযুক্তি -১

general-2025-68

বাংলাদেশ টেক্সটাইল মিলস্ করপোরেশন
চেয়ারম্যান মহোদয়ের শাখা
পরিচালক (অর্থ ও নিঃ)/(বাণিজ্য)/(পরিকল্পনা)
মুখ্য পরিঃ কঃ
নম্বর ঃ ১৬২০ তারিখ ২২.০৯.২৫

তারিখ: ২২-০৯-২০৫ খ্রি:।

চেয়ারম্যান মহোদয়
বাংলাদেশ টেক্সটাইল মিলস্ করপোরেশন
৭-৯, কাওরান বাজার
ঢাকা-১২১৫।

বিষয়: বিটিএমসি (শিপিং অফিসসহ) এবং এর নিয়ন্ত্রণাধীন মিলসমূহের সকল পর্যায়ের কর্মকর্তা এবং কর্মচারীদের পদোন্নতির ক্রাইটেরিয়া/নীতিমালা সময়োপযোগী করার লক্ষ্যে সংশোধনকৃত প্রতিবেদন দাখিল প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ে বিটিএমসি (শিপিং অফিসসহ) এবং এর নিয়ন্ত্রণাধীন মিলসমূহের সকল পর্যায়ের কর্মকর্তা এবং কর্মচারীদের পদোন্নতির ক্রাইটেরিয়া/নীতিমালা সময়োপযোগী করার লক্ষ্যে সংশোধনকৃত প্রতিবেদন এতদসংগে সংযুক্ত করে দাখিল করা হলো।

সংযুক্তিঃ ০৭(সাত) পাতা।

(কাজী ফিরোজ হোসেন)
মুখ্য পরিচালন কর্মকর্তা
ও
সদস্য-সচিব
কর্মকর্তা/কর্মচারী পদোন্নতি
ক্রাইটেরিয়া/নীতিমালা কমিটি।

বি,টি,এম,সি
বোর্ড শাখা

বিষয়: বিটিএমসি (শিপিং অফিসসহ) এবং এর নিয়ন্ত্রণাধীন মিলসমূহের সকল পর্যায়ের কর্মকর্তা এবং কর্মচারীদের পদোন্নতির ক্রাইটেরিয়া/নীতিমালা সময়োপযোগী করার লক্ষ্যে পুন: মূল্যায়ন এবং বার্ষিক গোপনীয় অনুবেদন ফরম সংশোধন।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ব্রিগেডিয়ার জেনারেল এস এম জাহিদ হাসান<br>এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি, এমফিল<br>চেয়ারম্যান, বিটিএমসি। |
| সভার তারিখ | : | ২২-০৯-২০২৫ খ্রিঃ। |
| সময় | : | ১১:০০ |
| সভার স্থান | : | বিটিএমসি'র সম্মেলন কক্ষ। |
| সভায় উপস্থিতি | : | হাজিরা প্রতিবেদন সংযুক্ত (পরিশিষ্ট 'ক')। |

বিটিএমসি'র অফিস আদেশ নং ২৪.০৩.০০০০.১০৫.০২(৯).১১৪.২৫-২১৮, তারিখ ০৩-০৭-২০২৫ খ্রি: এর মাধ্যমে নিম্নোক্তভাবে কমিটি গঠন করা হয়ঃ

(০১) চেয়ারম্যান, বিটিএমসি-আহ্বায়ক।
(০২) পরিচালক (অর্থ ও নিরীক্ষা), বিটিএমসি-সদস্য।
(০৩) পরিচালক (বাণিজ্য), বিটিএমসি-সদস্য।
(০৪) মহাব্যবস্থাপক (মান:), পারসনেল শাখা, বিটিএমসি-সদস্য।
(০৫) উপ-মহাব্যবস্থাপক, কর্মচারী সংযোগ বিভাগ, বিটিএমসি-সদস্য।
(০৬) মুখ্য পরিচালন কর্মকর্তা (রু:দা:), বিটিএমসি, সদস্য-সচিব।

০২। বিটিএমসি'র ১০-০৯-২০২৫ খ্রি: তারিখের অফিস আদেশ নং ২৪.০৩.০০০০.১০৫. ৩২(২).১১৫.২৫-১৭৮ এর মাধ্যমে বিটিএমসি প্রধান কার্যালয় (শিপিং অফিসসহ) এবং নিয়ন্ত্রণাধীন মিলসমুহে কর্মরত কর্মচারীদের পদোন্নতি সংক্রান্ত বাছাই কমিটি গঠন করা হয়। গত ২১-০৯-২০২৫ খ্রি: তারিখে পদোন্নতি বাছাই কমিটির ১ম সভা অনুষ্ঠিত হয়। সভায় কর্মচারীদের পদোন্নতির জন্য সংশোধনীর আবশ্যকতা আছে মর্মে নির্দেশনা প্রদান করেন। তৎপ্রেক্ষিতে, বিদ্যমান কমিটির নিকট প্রেরণ করা হলে কমিটি ২২-০৯-২০২৫ খ্রি: তারিখে সভা অনুষ্ঠিত হয় এবং একটি খসড়া নীতিমালা দাখিল করেন।

০৩। **কমিটির সুপারিশঃ**

মোট ১০০ নম্বরের ভিত্তিতে পদোন্নতি বিবেচনা করা হইবে। প্রাপ্ত নম্বরের ক্রমানুসারে পদোন্নতির জন্য যোগ্য প্রার্থীদের একটি মেধা তালিকা প্রণয়ন করা হবে যাহা পরবর্তী মেধা তালিকা প্রণীত না হওয়া পর্যন্ত বহাল থাকবে। তবে পদোন্নতি সংক্রান্ত উচ্চতর বাছাই কমিটি কর্তৃক প্রতি বৎসরে/নির্দিষ্ট সময়ান্তে কর্মকর্তা এবং কর্মচারীদের মেধা তালিকা প্রণয়ন করা বাঞ্চনীয়। মোট ১০০ নম্বরের বন্টন নিম্নরুপ:

পরবর্তী/০২

**কর্মকর্তাদের ক্ষেত্রে নম্বর বিতরণ:**

(ক) শিক্ষাগত যোগ্যতা = ৩০
(খ) বর্তমান পদে চাকুরীর মেয়াদ = ১০
(গ) এসিআর = ৪০
(ঘ) বাছাই কমিটির মূল্যায়ন = ২০
মোট নম্বর = ১০০

০৪। উপর্যুক্ত ক্রাইটেরিয়ার বিভাজন নিম্নরূপ:

**(ক) শিক্ষাগত যোগ্যতা: ৩০ নম্বর**

| ক্রমিক নং | শিক্ষাগত যোগ্যতা | ১ম বিভাগ | ২য়বিভাগ | ৩য় বিভাগ/শ্রেণী |
|---|---|---|---|---|
| ১। | এসএসসি/সমমান | ৭ | ৫ | ৩ |
| ২। | এইচএসসি/ডিপ্লোমা/সমমান | ৭ | ৫ | ৩ |
| ৩। | স্নাতক/সম্মান/সমমান | ৮ | ৬ | ৪ |
| ৪। | স্নাতকোত্তর/সমমান | ৮ | ৬ | ৪ |
| | | ৩০ | ২২ | ১৪ |

নোট: কোন কর্মকর্তার একাধিক স্নাতক ডিগ্রী থাকলে যে স্নাতক ডিগ্রীর ফলাফল সবচেয়ে ভাল, হিসাবের ক্ষেত্রে শুধুমাত্র তাহা গণনা করা হইবে এবং একাধিক মাস্টার্স ডিগ্রীর জন্য কোন অতিরিক্ত নম্বর দেওয়া হইবে না। অপরদিকে যদি কোন কর্মকর্তার স্নাতক ডিগ্রীর পর এল এল বি বা সমমানের অন্যান্য ডিগ্রী থাকে সেই ক্ষেত্রে স্নাতক ও এলএল বি বা কোন অন্যান্য ডিগ্রীর মধ্যে যে ডিগ্রীর ফলাফল ভাল তাহা গণনা করা হইবে। গ্রেডিং পদ্ধতির মাধ্যমে নির্মিত/প্রাপ্ত ফলাফল নিম্নরুপভাবে হিসাব করা হইবে:

| ক্র: নং | পরীক্ষা | জিপিএ/সিজিপিএ | মান | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১। | এসএসসি/এইচএসসি/সমমান (৫.০০ পয়েন্ট স্কেল এর ক্ষেত্রে) | (ক) ৩.০০ বা তদূর্ধ্ব<br>(খ) ২.০০ হইতে ৩.০০ এর কম<br>(গ) ১.০০ হইতে ২.০০ এর কম | প্রথম বিভাগ<br>দ্বিতীয় বিভাগ<br>তৃতীয় বিভাগ | - |
| ২। | সম্মান/স্নাতক/সমমান (৪.০০ পয়েন্ট স্কেল এর ক্ষেত্রে) | (ক) ৩.০০ বা তদূর্ধ্ব<br>(খ) ২.২৫ হইতে ৩.০০ এর কম<br>(গ) ১.৬৫ হইতে ২.২৫ এর কম | প্রথম বিভাগ<br>দ্বিতীয় বিভাগ<br>তৃতীয় বিভাগ | কোন বিশ্ববিদ্যালয়ে ৫.০০ পয়েন্ট স্কেলে থাকলে তা আনুপাতিক হারে সমতা করা হবে। |
| ৩। | স্নাতকোত্তর/সমমান (৪.০০ পয়েন্ট স্কেল এর ক্ষেত্রে) | (ক) ৩.০০ বা তদূর্ধ্ব<br>(খ) ২.২৫ হইতে ৩.০০ এর কম<br>(গ) ১.৬৫ হইতে ২.২৫ এর কম | প্রথম বিভাগ<br>দ্বিতীয় বিভাগ<br>তৃতীয় বিভাগ | |

**(খ) বর্তমান পদে চাকুরীর মেয়াদ : ১০ নম্বর**

বর্তমান পদে/সমমান পদে ন্যূনতম ৩(তিন) বৎসরের চাকুরীকাল (অভিজ্ঞতা) থাকিতে হইবে। মূল্যায়নের নিমিত্ত ৩ বৎসরের জন্য ০৭ নম্বর এবং পরবর্তী প্রতি বৎসরের জন্য ১(এক) নম্বর করিয়া সর্বোচ্চ ৩(তিন) নম্বর প্রদান করা হইবে। সর্বশেষ ৬(ছয়) মাস বা তদূর্ধ্ব সময়কালকে ১(এক) বৎসর ধরা হইবে।

পরবর্তী/০৩

2

বি.টি.এম.সি সত্যায়িত বোর্ড শাখা

**(গ) বার্ষিক গোপনীয় অনুবেদন (ফরমের ঘর-২০টি) : ৪০ নম্বর**

পূর্ববর্তী ধারাবাহিক ৫(পাঁচ) বৎসরের এসিআর মূল্যায়নপূর্বক গড় নম্বর ধরা হইবে। ৩ (তিন) বৎসরের কম সময়ের এসিআর থাকিলে পদোন্নতি বিবেচনা করা যাইবে না।

**(ঘ) বাছাই কমিটির মূল্যায়ন (কর্মদক্ষতা) : ২০ নম্বর**

০৫। বাছাই কমিটির সদস্য সংখ্যা ন্যূনতম ০৫ (পাঁচ) হইবে। তবে সংখ্যা গরিষ্ঠ সদস্যের উপস্থিতিতে সভা অনুষ্ঠিত হইতে পারিবে এবং সভায় সিদ্ধান্ত গ্রহণ করা যাইবে।

০৬। বাছাই কমিটির সভায় উপস্থিত সদস্যগণের প্রত্যেকে কর্মকর্তাদের অতীত ও বর্তমান কর্মকান্ড মূল্যায়নপূর্বক তাহাদের ব্যক্তিত্ব, দক্ষতা, সততা, সুনাম ও প্রশাসনিক পারদর্শিতা ইত্যাদি বিবেচনা করত: তাহার নম্বর প্রদান করিবেন এবং উপস্থিত সদস্যগণ কর্তৃক প্রদত্ত নম্বরের গড় এই ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মকর্তার অর্জিত নম্বর হিসাবে গণ্য হইবে।

০৭। পদোন্নতি সংক্রান্ত উচ্চতর বাছাই কমিটি প্রত্যেক কর্মকর্তাকে মূল্যায়নপূর্বক ১০০ নম্বরের মধ্যে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে পদোন্নতির যোগ্য প্রার্থীদের তালিকা প্রণয়ন করিবে এবং কর্তৃপক্ষের বিবেচনার জন্য পেশ করিবে।

০৮। স্ব স্ব বিভাগের বিভাগীয় প্রধানের সুপারিশের ভিত্তিতে পদোন্নতির তালিকার জন্য বিবেচিত হবেন এবং বিভাগীয় প্রধানগণ পদোন্নতি কমিটি বসার পূর্বে প্রার্থীদের অফিসিয়াল সাক্ষাৎকার গ্রহণ করিবেন। আরো বেশী পরিষ্কার ধারণার জন্য প্রয়োজনে পদোন্নতি প্রার্থীর উপস্থিত সাক্ষাৎকার গ্রহণ করা যাইবে।

০৯। সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানকে পদোন্নতি কমিটি প্রয়োজনে সাক্ষাৎকার গ্রহণ করতে পারবে।

১০। পদোন্নতি সংক্রান্ত বাছাই কমিটির সুপারিশ চূড়ান্ত বলে গণ্য হইবে।

১১। নিম্নোক্ত ক্ষেত্রে পদোন্নতি বিবেচিত হইবেনা:

(১) এসিআর এর গড় সর্বনিম্ন ৮০% না হইলে পদোন্নতির জন্য বিবেচনা করা হইবে না।

(২) লঘু দন্ড:

(ক) তিরস্কার হইলে তিরস্কারের তারিখ হইতে ০৬ মাস পর্যন্ত পদোন্নতি বিবেচনা করা হইবে না।

(খ) নির্দিষ্ট মেয়াদের জন্য পদোন্নতি বা বেতন বর্ধন স্থগিত রাখা হইলে সর্বোচ্চ ১(এক) বৎসর বা দন্ডের মেয়াদকাল অতিক্রান্ত না হওয়া পর্যন্ত পদোন্নতি বিবেচনা করা হইবে না।

(গ) ৭(সাত) দিনের মুল বেতনের সমপরিমান অর্থ দন্ডে দন্ডিত হইলে দন্ডের তারিখ হইতে ১(এক) বৎসর পর্যন্ত পদোন্নতি বিবেচনা করা হইবে না।

(ঘ) প্রত্যেক লঘু দন্ডের ক্ষেত্রে ক্রমিক নং-৩ এর আলোকে বাছাই কমিটি কর্তৃক প্রদত্ত মোট নম্বর হতে ০১ কর্তন হইবে।

পরবর্তী পাতা/৪



বি,টি,এম,সি বোর্ড শাখা

(৩) গুরু দন্ড: (ক) নিম্ন পদে, নিম্নতর বেতনক্রমে বা বেতনক্রমের নিম্নস্তরে অবনত করা হইলে দন্ডের তারিখ হইতে ০৫ বৎসর পর্যন্ত পদোন্নতি বিবেচনা করা হইবে না। যে কোন গুরু দন্ডের জন্য অর্জিত মার্কস হতে ০২ কর্তন করা হইবে।

(খ) কর্মকর্তা কর্তৃক সংঘটিত অপরাধের কারণে করপোরেশন এর আর্থিক ক্ষতির পরিমাণ বা তার অংশ আদায় করা হলে দন্ডের তারিখ হতে ০৫ বৎসর পর্যন্ত পদোন্নতি বিবেচনা করা হবে না।

(গ) প্রত্যেক গুরু দন্ডের ক্ষেত্রে ক্রমিক নং-৩ এর আলোকে বাছাই কমিটি কর্তৃক প্রদত্ত মোট নম্বর হতে ২.০০ কর্তন হইবে।

(৪) যদি সংশ্লিষ্ট কর্মকর্তার বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজুর সিদ্ধান্ত গ্রহণক্রমে অভিযোগ পত্র জারী হইয়া থাকে সেই ক্ষেত্রে তাহা নিষ্পত্তি না হওয়া পর্যন্ত পদোন্নতি বিবেচনা করা হইবে না। শাস্তিমূলক ব্যবস্থা গৃহিত হইলে শাস্তির ধরনের উপরোক্ত ২ ও ৩ নং অনুচ্ছেদ প্রয়োগ হইবে।

১২। ১০০ নম্বর বন্টনের ভিত্তিতে ৮০% এর নিচে অর্জিত হলে পদোন্নতির জন্য যোগ্য হইবে না।

১৩। পদোন্নতির ক্ষেত্রে বিটিএমসি চাকুরী প্রবিধানমালা'৮৯ এর বিধানবলী যথাযথভাবে অনুসরণ করিতে হইবে।

**কর্মচারীর ক্ষেত্রে নম্বর বিতরণ:**

| | | |
|---|---|---|
| (ক) শিক্ষাগত যোগ্যতা | = | ৩০ |
| (খ) বর্তমান পদে চাকুরীর মেয়াদ | = | ১০ |
| (গ) এসিআর | = | ৩০ |
| (ঘ) বাছাই কমিটির মূল্যায়ন | = | ৩০ |
| মোট নম্বর | = | ১০০ |

০২। উপযুর্ক্ত ক্রাইটেরিয়ার বিভাজন নিম্নরূপ:

(ক) **শিক্ষাগত যোগ্যতা** :৩০ নম্বরঃ

| ক্রমিক নং | শিক্ষাগত যোগ্যতা | ১ম বিভাগ | ২য়বিভাগ | ৩য় বিভাগ/শ্রেণী |
|---|---|---|---|---|
| ১। | এস, এস, সি/সমমান | ৬ | ৪ | ২ |
| ২। | এইচ, এস, সি/ডিপ্লোমা/সমমান | ১০ | ৭ | ৪ |
| ৩। | স্নাতক/সম্মান/সমমান | ৮ | ৬ | ৪ |
| ৪। | স্নাতকোত্তর/সমমান | ৬ | ৪ | ২ |
| | | ৩০ | ২১ | ১২ |

নোট: কোন কর্মকর্তার একাধিক স্নাতক ডিগ্রী থাকলে যে স্নাতক ডিগ্রীর ফলাফল সবচেয়ে ভাল, হিসাবের ক্ষেত্রে শুদু মাত্র তাহা গণনা করা হইবে এবং একাধিক মাস্টার্স ডিগ্রীর জন্য কোন অতিরিক্ত নম্বর দেওয়া হইবে না। অপরদিকে যদি কোন কর্মকর্তার স্নাতক ডিগ্রীর পর এল এল বি বা সমমানের অন্যান্য ডিগ্রী থাকে সেই ক্ষেত্রে স্নাতক ও এলএল বি বা কোন অন্যান্য ডিগ্রীর মধ্যে যে ডিগ্রীর ফলাফল ভাল তাহা গণনা করা হইবে। গ্রেডিং পদ্ধতির মাধ্যমে নির্মিত/প্রাপ্ত ফলাফল নিম্নরুপভাবে হিসাব করা হইবে:

পরবর্তী পাতা/৫

| ক্র: নং | পরীক্ষা | জিপিএ/সিজিপিএ | মান | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১। | এসএসসি/এইচএসসি/সমমান<br>(৫.০০ পয়েন্ট স্কেল এর ক্ষেত্রে) | (ক) ৩.০০ বা তদূর্ধ্ব<br>(খ) ২.০০ হইতে ৩.০০ এর কম<br>(গ) ১.০০ হইতে ২.০০ এর কম | প্রথম বিভাগ<br>দ্বিতীয় বিভাগ<br>তৃতীয় বিভাগ | - |
| ২। | সম্মান/স্নাতক/সমমান<br>(৪.০০ পয়েন্ট স্কেল এর ক্ষেত্রে) | (ক) ৩.০০ বা তদূর্ধ্ব<br>(খ) ২.২৫ হইতে ৩.০০ এর কম<br>(গ) ১.৬৫ হইতে ২.২৫ এর কম | প্রথম বিভাগ<br>দ্বিতীয় বিভাগ<br>তৃতীয় বিভাগ | কোন বিশ্ববিদ্যালয়ে ৫.০০ পয়েন্ট স্কেলে থাকলে তা আনুপাতিক হারে সমতা করা হবে। |
| ৩। | স্নাতকোত্তর/সমমান<br>(৪.০০ পয়েন্ট স্কেল এর ক্ষেত্রে) | (ক) ৩.০০ বা তদূর্ধ্ব<br>(খ) ২.২৫ হইতে ৩.০০ এর কম<br>(গ) ১.৬৫ হইতে ২.২৫ এর কম | প্রথম বিভাগ<br>দ্বিতীয় বিভাগ<br>তৃতীয় বিভাগ | |

**(খ) বর্তমান পদে চাকুরীর মেয়াদ : ১০ নম্বর**

বর্তমান পদে/সমমান পদে ন্যূনতম ৩(তিন) বৎসরের চাকুরীকাল (অভিজ্ঞতা) থাকিতে হইবে। মূল্যায়নের নিমিত্ত ৩ বৎসরের জন্য ০৭ নম্বর এবং পরবর্তী প্রতি বৎসরের জন্য ১(এক) নম্বর করিয়া সর্বোচ্চ ৩(তিন) নম্বর প্রদান করা হইবে। সর্বশেষ ৬(ছয়) মাস বা তদুর্ধ্ব সময়কালকে ১(এক) বৎসর ধরা হইবে।

**(গ) বার্ষিক গোপনীয় অনুবেদন (ফরমের ঘর-১৫টি) : ৩০ নম্বর**

পূর্ববর্তী ধারাবাহিক ৫(পাচঁ) বৎসরের এসিআর মূল্যায়নপূর্বক গড় নম্বর ধরা হইবে। ৩ (তিন) বৎসরের কম সময়ের এসিআর থাকিলে পদোন্নতি বিবেচনা করা যাইবে না।

**(ঘ) বাছাই কমিটির মূল্যায়ন (কর্মদক্ষতা): ৩০ নম্বর**

০৩। বাছাই কমিটির সদস্য সংখ্যা ন্যূনতম ০৫ (পাঁচ) হইবে। তবে সংখ্যা গরিষ্ঠ সদস্যের উপস্থিতিতে সভা অনুষ্ঠিত হইতে পারিবে এবং সভায় সিদ্ধান্ত গ্রহণ করা যাইবে।

০৪। বাছাই কমিটির সভায় উপস্তিত সদস্যগনের প্রত্যেকে কর্মচারীদের বর্তমান ও অতীত কর্মকান্ড মূল্যায়নপূর্বক তাহাদের ব্যক্তিত্ব, দক্ষতা, সততা, সুনাম ও প্রশাসনিক পারদর্শিতা ইত্যাদি বিবেচনা করত: তাহার নম্বর প্রদান করিবেন এবং উপস্থিত সদস্যগন কর্তৃক প্রদত্ত নম্বরের গড় সংশ্লিষ্ট কর্মকর্তার অর্জিত নম্বর হিসেবে গণ্য হইবে।

০৫। পদোন্নতি সংক্রান্ত উচ্চতর বাছাই কমিটি প্রত্যেক কর্মচারীকে মূল্যায়নপূর্বক ১০০ নম্বরের মধ্যে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে পদোন্নতির যোগ্য প্রার্থীদের তালিকা প্রণয়ন করিবে এবং কর্তৃপক্ষের বিবেচনার জন্য পেশ করিবে।

পরবর্তী পাতা/০৬

০৬। স্ব স্ব বিভাগের বিভাগীয় প্রধানের সুপারিশের ভিত্তিতে পদোন্নতির তালিকার জন্য বিবেচিত হবেন। এবং বিভাগীয় প্রধানগণ পদোন্নতি কমিটি বসার পূর্বে প্রার্থীদের অফিসিয়াল সাক্ষাৎকার গ্রহণ করিবেন। আরো বেশী পরিষ্কার ধারণার জন্য প্রয়োজনে পদোন্নতি যোগ্য প্রার্থীর উপস্থিত সাক্ষাৎকার গ্রহণ করা যাইবে।

০৭। পদোন্নতি প্রার্থীকে পদোন্নতি কমিটি প্রয়োজনে সাক্ষাৎকার গ্রহণ করতে পারবে।

০৮। লিখিত/মৌখিক/ব্যবহারিক/প্রয়োজনীয় পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।

০৯। পরবর্তী উচ্চতর পদের জন্য সংশ্লিষ্ট যোগ্যতা থাকতে হবে।

১০। পদোন্নতি সংক্রান্ত বাছাই কমিটির সুপারিশ চূড়ান্ত বলে গণ্য হবে।

১১। নিম্নোক্ত ক্ষেত্রে বিবেচিত হবেনা:

(১) এসিআর এর গড় নম্বর সর্বনিম্ন ৮০% না হইলে পদোন্নতির জন্য বিবেচনা করা হবে না।

(২) লঘু দন্ড: (ক) তিরস্কার হইলে তিরস্কারের তারিখ হইতে ০৬ মাস পর্যন্ত পদোন্নতি বিবেচনা করা হইবে না।

(খ) নির্দিষ্ট মেয়াদের জন্য পদোন্নতি বা বেতন বর্ধন স্থগিত রাখা হইলে সর্বোচ্চ ১ (এক) বৎসর বা দন্ডের মেয়াদকাল অতিক্রান্ত না হওয়া পর্যন্ত পদোন্নতি বিবেচনা করা হইবে না।

(গ) ৭ (সাত) দিনের মূল বেতনের সমপরিমান অর্থ দন্ড হইলে দন্ডের তারিখ হইতে ১(এক) বৎসর পর্যন্ত পদোন্নতি বিবেচনা করা হইবে না।

(ঘ) প্রতিটি লঘু দন্ডের জন্য ক্রমিক নং-৩ এর আলোকে বাছাই কমিটি কর্তৃক প্রদত্ত মোট নম্বর হতে ০১ কর্তন হইবে।

(৩) গুরু দন্ড: (ক) নিম্নপদে/নিম্নতর বেতনক্রমে বা বেতনক্রমের নিম্নস্তরে অবনতকরন হইলে দন্ডের তারিখ হইতে ৫(পাচঁ) বৎসর পর্যন্ত পদোন্নতি বিবেচনা করা হইবে না।

(খ) কর্মচারী কর্তৃক সংঘটিত অপরাধের কারণে করপোরেশন এর আর্থিক ক্ষতির পরিমান বা তাহার অংশ আদায় করা হইলে দন্ডের তারিখ হইতে ০৫ বৎসর পর্যন্ত পদোন্নতি বিবেচনা করা হইবে না।

(গ) প্রতিটি গুরু দন্ডের জন্য ক্রমিক নং-৩ এর আলোকে বাছাই কমিটি কর্তৃক প্রদত্ত মোট নম্বর হতে ২.০০ কর্তন হইবে।

(৪) যদি সংশ্লিষ্ট কর্মচারী বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজুর সিদ্ধান্ত গ্রহণক্রমে অভিযোগ পত্র জারী হইয়া থাকে সেইক্ষেত্রে তাহা নিষ্পত্তি না হওয়া পর্যন্ত পদোন্নতি বিবেচনা করা হইবে না। শাস্তিমূলক ব্যবস্থা গৃহিত হইলে শাস্তির ধরনের ভিত্তিতে উপরোক্ত ২ ও ৩ নং অনুচ্ছেদ প্রয়োগ হইবে।

১২। ১০০ নম্বর বন্টনের ভিত্তিতে ৮০% এর নিচে অর্জিত হলে পদোন্নতির জন্য যোগ্য হইবে না।

১৩। পদোন্নতির ক্ষেত্রে বিটিএমসি চাকুরী প্রবিধানমালা'৮৯ এর বিধানবালী যথাযথভাবে অনুসরণ করিতে হইবে।

পরবর্তী পাতা/০৭



বি.টি.এম.সি সত্যায়িত বোর্ড শাখা

কর্মকর্তা ও কর্মচারী উভয়ের ক্ষেত্রে বার্ষিক গোপনীয় অনুবেদন ফরমে মূল্যায়ন অংশে সংশোধন নিম্নরূপ:

| | | | |
|---|---|---|---|
| অসাধারণ ৯০-১০০% | খুব ভালো ৮০-৮৯% | ভালো ৭০-৭৯% | গতানুগতিক ৬০-৬৯% |

কমিটির প্রতিবেদন ও কর্মকর্তা এবং কর্মচারীদের সংশোধিত বার্ষিক গোপনীয় অনুবেদন ফরম বিটিএমসি বোর্ডের অনুমোদন হওয়া সাপেক্ষে কার্যকর করার জন্য সুপারিশ করা হইল।

২২/০৯/২৫
মুখ্য পরিচালন কর্মকর্তা
বিটিএমসি, সদস্য-সচিব

২২/০৯/২০২৫
উপ-মহাব্যবস্থাপক
কর্মচারী সংযোগ বিভাগ,
বিটিএমসি-সদস্য

২২.০৯.২৫
মহাব্যবস্থাপক (মান:)
পারসনেল শাখা, বিটিএমসি-সদস্য

২২.০৯.২০২৫
পরিচালক (অর্থ ও নিরীক্ষা)
বিটিএমসি-সদস্য

২২.০৯.২৫
পরিচালক (বাণিজ্য)
বিটিএমসি-সদস্য

২২/০৯/২০২৫
চেয়ারম্যান
বিটিএমসি-আহ্বায়ক।

বি.টি.এম.সি
সচিবালয়
বোর্ড শাখা